



জিয়া উদ্যানে বাবার কবর জিয়ারত করলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানাতে জিয়া উদ্যানে যান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। দলের শীর্ষ নেতাদের সঙ্গে তিনি মোনাজাতে অংশ নেন। তার আগমনকে ঘিরে সমাধিসৌধ এলাকায় নেতাকর্মীদের ব্যাপক উপস্থিতি দেখা যায়।

শুক্রবার (২৬ ডিসেম্বর) বিকেল ৪টা ৪০ মিনিটের দিকে জিয়া উদ্যানে পৌঁছে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের কবরে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। পরে তিনি মোনাজাতে অংশ নেন। এ সময় তার সঙ্গে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলের সিনিয়র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে দুপুর ২টা ৫২ মিনিটে তিনি নিজ বাসা থেকে রওনা হন। কবর জিয়ারত শেষে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদনের কর্মসূচি রয়েছে বলে দলীয় সূত্র জানিয়েছে। তারেক রহমানের আগমনকে কেন্দ্র করে জিয়া উদ্যান ও আশপাশের এলাকায় বিএনপি নেতাকর্মীদের ভিড় লক্ষ্য করা যায়।

উল্লেখ্য, বাংলাদেশ বিমানের বিজি-২০২ ফ্লাইটে লন্ডন থেকে সিলেট হয়ে বৃহস্পতিবার বেলা ১১টা ৪৩ মিনিটে ঢাকায় পৌঁছান তারেক রহমান। তার সঙ্গে ছিলেন স্ত্রী ডা. জুবাইদা রহমান ও কন্যা জাইমা রহমান।

বিমানবন্দর থেকে পূর্বাচলের দিকে যাত্রাপথে স্বাভাবিক সময়ে আধা ঘণ্টার পথ হলেও বিপুল মানুষের উপস্থিতি ও নেতাকর্মীদের সারির কারণে ওই দিন সময় লাগে প্রায় তিন ঘণ্টা। প্রায় সাড়ে ছয় কিলোমিটার পথজুড়ে মানুষের ঢল নামে—১৭ বছর পর তারেক রহমানের দেশে ফেরা দেখতে ও এ প্রত্যাবর্তনের সাক্ষী হতে।